

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০



স্মারক নং-সিএএফও/পবম/প্রি-অডিট/আপত্তি/৩৩২/১০/১৩

তারিখ : ২৬/০৩/২০২২খ্রি.

বিষয়: Continuous Air Monitoring Station (CAMS) সমূহের যন্ত্রপাতি সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। CAMS এর মেরামত ও সংরক্ষণের জন্য “পিনাকল এ্যাসোসিয়েটস” এর চুক্তির মেয়াদ ০১/০৩/২০২০ খ্রি. হতে ২৮/০২/২০২১ খ্রি. পর্যন্ত মোট এক বছর। উল্লিখিত সময়ের পরে মোট ০৫ মাসের (মার্চ/২১ এবং জুন/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত) বিল দাবী করার যৌক্তিক ব্যাখ্যা প্রয়োজন।

০৩। PCC অনুযায়ী মাসে ৩ বার পরিদর্শন করবে (২ বার Mandatory, ১ বার Requirement এর ভিত্তিতে)। কিন্তু নারায়ণগঞ্জ স্টেশনে মার্চ/২১ মাসে (০২, ১৪, ২১, ২৩ তারিখে) মোট ০৪ বার পরিদর্শন করা হয়েছে। এক মাসে ০৪ বার পরিদর্শন চুক্তি বর্হিভূত। এছাড়া নারায়ণগঞ্জ, গাজীপুর ও মিরপুরে মাসে ৩ বার পরিদর্শন করা হয়েছে। এক্ষেত্রে ৩য় পরিদর্শন Requirement- এর ভিত্তিতে হয়েছে কি না তা যাচাই আবশ্যিক।

০৪। দরপত্র সূচ্যায়ন কমিটি কর্তৃক গৃহীত মূল্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যে বিল সাবমিট করেছে (পত্র নং ৭৩, তারিখ ৩১/১২/২০২১ খ্রি.) তা আয়ন ব্যয়ন কর্মকর্তা কর্তৃক (১৭১৬৪০০-১৩২০৪০০) = ৩৯৬০০/- টাকা কম কর্তন করে সাবমিট করা হয়েছে। উক্ত বিল কমানোর যৌক্তিকতা কি অর্থাৎ চুক্তি অনুসারে কোন কোন কাজ সঠিকভাবে বুকে পাওয়া যায় নি, তার বিস্তারিত জানানোর অনুরোধ করা হলো।

০৫। পরিবেশ অধিদপ্তরের আওতায় মোট ৩১ টি CAMS সমূহ পূর্বে কোন প্রকল্পের অধীনে ছিলো ঐ প্রকল্পের নাম, মেয়াদ, আরম্ভ ও সমাপ্তির তারিখ CAMS সমূহের মেশিন ও যন্ত্রপাতি রাজস্বখাতে স্থানান্তর করার যথাযথ কর্তৃপক্ষের আদেশ, মেইনটেন্স এর দায়িত্ব কোন কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে তার আদেশ আবশ্যিক।। উল্লেখ্য যে, পরবর্তী বিলের পূর্বে এসব প্রকল্পের জবাব প্রেরণ আবশ্যিক। এমতাবস্থায় ক্রমিক নং ২, ৩, ৪ ও ৫ এর জবাব এবং প্রয়োজ্য ক্ষেত্রে আদেশসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সিএএফও মহোদয়ের অনুমোদনক্রমে।


(শামছোয়াহার)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়


আয়ন ও ব্যয়ন কর্মকর্তা
পরিবেশ অধিদপ্তর
সদর দপ্তর, ঢাকা।

স্মারক নং-সিএএফও/পবম/প্রি-অডিট/আপত্তি/৩৩২/১০/১৪

তারিখ : ২৬/০৩/২০২২খ্রি.

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: অতিরিক্ত সচিব(প্রশাসন)]।
- ২। মহা পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ওপদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, ঢাকা।
- ৪। অফিস কপি/ গাউ কপি।


(শামছোয়াহার)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ফোনঃ ৮৩৯১৮০৫